

# Celebration of Africa Day

May 25, 2022

## আফ্রিকা দিবস উদযাপন

মে 25, 2022

নিউ দিল্লির আফ্রিকা মিশনের প্রধানরা এবং বিদেশ মন্ত্রক একযোগে নিউ দিল্লির হোটেল তাজ প্যালেসে 25শে মে 2022 তারিখে আফ্রিকা দিবস উদযাপন করেছে। ভারতের বিদেশ প্রতিমন্ত্রী ডঃ রাজকুমার রঞ্জন সিং এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মুখ্য ভাষণ প্রদান করেছেন এবং আফ্রিকান দেশগুলির সাথে বহুমুখী সম্পর্কের কথা তুলে ধরেছেন।

1963 সালে অর্গানাইজেশন অব আফ্রিকান ইউনিটি প্রতিষ্ঠা এবং স্বাধীনতা অর্জন উপলক্ষে প্রতিবছর আফ্রিকা দিবস পালিত হয়। এই আয়োজন মহাদেশটির বৈচিত্রপূর্ণ ঐতিহ্যকে প্রশংসিত এবং উদযাপন করতে ও আফ্রিকা মহাদেশের অর্থনৈতিক সম্ভাবনাকে স্বীকৃতি দেবার একটি সুযোগ প্রদান করে। কয়েক বছর ধরে ভারতের বিদেশ নীতিতে আফ্রিকার গুরুত্ব প্রদর্শন করার জন্য এই বাৎসরিক অনুষ্ঠানকে বিদেশ মন্ত্রক সমর্থন করে আসছে।

ভারত থেকে রাষ্ট্র প্রধানদের/ সরকারের প্রধানদের এবং উপ রাষ্ট্রপতির 34টি সফর সহ রাজনৈতিক যোগাযোগ বৃদ্ধি ও প্রায় শতাধিক আফ্রিকান নেতৃবৃন্দের ভারত সফরের মাধ্যমে আফ্রিকার সাথে ভারতের ঐতিহ্যবাহী এবং ঐতিহাসিক অংশীদারিত্ব আরও মজবুত হয়েছে। উপরন্তু, ভারতের কেন্দ্রীয় মন্ত্রীগণ আফ্রিকার প্রতিটি দেশে সফর করেছেন। আফ্রিকাতে 18টি নতুন কূটনৈতিক মিশন খোলা সহ এই মহাদেশে মোট 47 টি ভারতীয় মিশন খোলার মাধ্যমে ভারত তার আন্তর্জাতিক কূটনৈতিক পদক্ষেপকে প্রসারিত করেছে। ভারতের সাথে আফ্রিকার সম্পৃক্ততার প্রধানমন্ত্রীর 10 টি পথনির্দেশক আদর্শ পরিবর্তীত বিশ্বে আফ্রিকার সাথে ভারতের বহুমাত্রিক সম্পর্কে হাতিয়ার হিসেবে কাজ করেছে।

আফ্রিকার আর্থ-সামাজিক উন্নয়নে ভারতের ছাড়যোগ্য ঋণ, অনুদান এবং সক্ষমতা গঠনের কার্যক্রম উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। এখনও অবধি লাইনস অব ক্রেডিট(এলওসি)-এর অধীনে আফ্রিকার দেশগুলিতে 12.26 বিলিয়ন মার্কিন ডলার সাহায্য প্রদান করা হয়েছে, যা কিনা ভারতের ছাড়যুক্ত ঋণের মধ্যে দ্বিতীয় বৃহত্তম প্রাপক। এই এলওসির আওতার মধ্যে পানীয় জল, কৃষি প্রযুক্তি ও সেচ, সৌর বিদ্যুতিকরণ, পাওয়ার প্ল্যান্টস, সরবরাহ লাইন, সিমেন্ট ও চিনি প্ল্যান্টস, বস্ত্র, প্রযুক্তি পার্ক এবং রেলওয়ে পরিকাঠাম ইত্যাদির মত বিভিন্ন ক্ষেত্রে 193 টি প্রকল্প সম্পূর্ণ হয়েছে, 66টি প্রকল্পের কাজ চলছে ও 88টি প্রকল্প শুরু হবার আগের মুহুর্তে রয়েছে।

2015-র আইএএফএস- III মেয়াদকালে ভারত ইন্ডিয়ান টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক কোঅপারেশন (আইটিইসি) এবং অন্যান্য স্কলারশিপ প্রোগ্রামের অধীনে 50,000 বৃত্তির প্রস্তাব দিয়েছে যার মধ্যে 32,000 -এরও বেশী স্কলারশিপ স্লট আফ্রিকার যুবসমাজ সদস্যবহার করেছে। বর্তমানে হাজার হাজার আফ্রিকান ছাত্রছাত্রী স্ব-অর্থায়ন প্রকল্পের অধীনে ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণ করছে।

দূর-শিক্ষার জন্য ই-বিদ্যাভারতী এবং টেলিমেডিসিন-এর জন্য ই-আরোগ্য ভারতী(ই-ভিবিএবি)র মত এমইএ-র ক্ল্যাগশিপ প্রকল্পের মাধ্যমে ডিজিটাল ডিভাইডের মোকাবিলা করার জন্য আফ্রিকার দেশগুলিতে ভারত সরকার সাহায্য প্রদান করেছে। এই স্কিমের অধীনে স্নাতক, স্নাতকোত্তর ও ডিপ্লোমা কোর্সে অনলাইনে শিক্ষা গ্রহণের জন্য 15, 000 হাজার আফ্রিকান ছাত্রছাত্রীকে বৃত্তি প্রদান করেছে। এখনও পর্যন্ত 19টি আফ্রিকান দেশ এই উদ্যোগের শরিক হয়েছে। এর অতিরিক্ত, আফ্রিকান তরুণ প্রজন্মের মধ্যে ডিজিটাল সাক্ষরতাকে উৎসাহিত করার জন্য ভারত ইজিপ্ট, ঘানা, লেসেথোতে, মরোক্কোতে, নামিবিয়াতে, দক্ষিণ আফ্রিকায় এবং তানজানিয়াতে সাতটি আইটি কেন্দ্র স্থাপন করেছে। মাদাগাস্কার ও নাইজারে আটটি ভোকেশনাল ট্রেনিং সেন্টার( ভিটিসি), দুটি সেন্টার ফর জিও-ইনফরমেশন অ্যাপ্লিকেশন ইন রুরাল ডেভেলপমেন্ট(সিজিএআরডি), জিম্বাবোয়েতে টেকনোলোজি সেন্টারের আপগ্রেডেশন, ডিজিটাল ট্রান্সফরমেশন এবং

দক্ষতা	বৃদ্ধিতে	আফ্রিকায়	অবদান	রেখেছে।
--------	----------	-----------	-------	---------

বাণিজ্য ও আর্থিক ক্ষেত্রে, 2018-19 বর্ষে 69.7 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের বাণিজ্যের মাধ্যমে ভারত আফ্রিকার সাথে চতুর্থ বৃহত্তম ভাগীদার এবং 70.7 বিলিয়ন মার্কিন ডলারের ক্রমবর্ধমান বিনিয়োগ সহ পঞ্চম বৃহত্তম বিনিয়োগকারী। তেল এবং গ্যাস, খনি, ব্যাংকিং, ওষুধ নির্মাণ, বস্ত্র, স্বয়ংচালিত, কৃষি ইত্যাদির মত ক্ষেত্রে ভারতের বিনিয়োগ রয়েছে। 38টি আফ্রিকান দেশ ভারত সরকারের শুল্ক মুক্ত ট্যারিফ প্রেফারেন্স (ডিএফটিপি) স্কিমের অধীনে লাভবান হয়েছে যা কিনা ভারতের মোট শুল্ক লাইনের 98.2

শতাংশ	শুল্ক	মুক্ত	অভিগম্যতা	প্রদান	করে।
-------	-------	-------	-----------	--------	------

কোভিড অতিমারির সময়ে, অতিমারির মোকাবিলায় সাহায্য করার জন্য ভারত সরকার 25টিরও বেশী আফ্রিকান দেশে 150 টন চিকিৎসা সাহায্য প্রদান করেছে। ভারত সরকারের "ভ্যাকসিন মৈত্রি"-র অধীনে ভারত সরকার 42টি আফ্রিকান দেশে 37.59 মিলিয়ন ডোজ সরবরাহ করেছে( 1.05 মিলিয়ন ডোজ অনুদান হিসেবে, 10.2 মিলিয়ন ডোজ বাণিজ্যিক ভাবে, এবং 26.38 ডোজ জিএভি-র কোভ্যাক্স উদ্যোগের অধীনে)এবং ইউএন স্বাস্থ্য কর্মীদের ও ইউএন শান্তিরক্ষী বাহিনীকে 25,000 ডোজ সরবরাহ করেছে। মানবিক সহায়তা হিসেবে, ক্ষুধা ও দারিদ্রের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য ভারত বিভিন্ন আফ্রিকান দেশগুলিতে 15.8 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের খাদ্য ত্রান প্রদান করেছে।

অনুষ্ঠানটিতে বৃহৎ সংখ্যার নিউ দিল্লির আফ্রিকান মিশনের প্রধানরা, কূটনৈতিক বাহিনীর সদস্যরা, চিন্তন শিবির এবং ভারত সরকারের বিদেশ মন্ত্রকের উচ্চপদস্থ আধিকারিকরা ও অন্যান্য মন্ত্রীরা অংশগ্রহণ করেছিলেন।

**নিউ দিল্লি**  
**মে 25, 2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.